জঙ্গলে অ্যাডভেঞ্চারে গিয়ে বিপাকে ৮, প্রশাসনের উদ্যোগে রক্ষা

নিজস্ব প্রতিবেদন, দার্জিলিং: কাউকে না জানিয়ে ৫ কিশোর ও ৩ কিশোরী গিয়েছিল ঘন জঙ্গলে। উদ্দেশ্য ছিল একটি ঝরনা চাক্ষুষ করা। দুর্গম পাগাড়ি পথে পায়ে হেঁটে তারা সেখানে পৌঁছেও যায়। কিন্তু বিপত্তি বাঁধে ফেরার পথে। বৃষ্টির জেরে পাহাড়ি নদীতে নামে হড়পা বান। আর তাতেই নদী পার হতে গিয়ে বিপদের মুখে পড়ে ওই ৮ জন। শেষে একটি বড় পাথরে আশ্রয় নিয়ে কোনও রকমে প্রাণ বাঁচায় তারা। এই অবস্থাতেই বাড়িতে ফোন করে সব কথা জানাতে বিষয়টি নিয়ে জানতে পারে জেলা প্রশাসন। কার্যত তারপরেই রাতভর চলে রুদ্ধশ্বাস উদ্ধার অভিযান। শেষে সোমবার ভোর রাতের দিকে নদীর জল নামার পরে ৮ জনকে উদ্ধার করতে সক্ষম হয় পুলিশ, এনডিআরএফ ও দমকলের কর্মীরা। চাঞ্চল্যকর এই ঘটনা ঘটেছে উত্তরবঙ্গের দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমার মাটিগাড়া ব্লকের সেভক ফাঁড়ি এলাকায়। জানা গিয়েছে, শিলিগুড়ি শহরের মিলনপল্লি এলাকার ৫ কিশোর ও ৩ কিশোরী কাউকে না জানিয়ে রবিবার সকালে চলে গিয়েছিল সেভকের জঙ্গলে। দুর্গম পাগাড়ি পথে পায়ে হেঁটে সেভক পেরিয়ে কালিখোলা এলাকায় তারা চলে যায় কমলা ফলস দেখতে যায়। সেই ঝরনা দেখে ফেরার পথেই তারা পড়ে বিপদের মুখে। পাহাড়ে ভারী বৃষ্টির জন্য কালীখোলা নদীতে হুট করে হড়পা বান চলে আসে। আর সেই সময়েই ওই নদী পার হচ্ছিল ওই ৮ জন। নদীর খরস্রোতে ভেসে যাওয়ার মুহূর্তে তারা কোনওরকমে একটি বড় পাথরের ওপরে উঠে নিজেদের জীবন বাঁচায়। সেই ঘটনা ঘটেছিল বিকাল বেলায়। নদীর জল চট করে না কমায় তারা সেখানেই আটকে পড়ে ও ফোন করে যে যার বাড়িতে বিষয়টি জানায়। পরে খবর যায় প্রশাসনের কানে।

সন্ধ্যায় উদ্ধারকাজ চালানো কঠিন জেনেও দার্জিলিং জেলা প্রশাসনের তরফে দ্রুত উদ্ধারকাজে নামা হয়, খবর দেওয়া হয় এনডিআরএফ বাহিনী ও দমকলকেও। এরপর রাতেই শুরু হয় রোমহর্ষক উদ্ধার অভিযান। সেভক ফাঁড়ির পুলিশকর্মী ও স্থানীয় কিছু বাসিন্দার সাহায্যে নদীর পাড়েও পৌঁছে যায় পুলিশ, এনডিআরএফ ও দমকলের বাহিনী। কিন্তু কালীখোলা নদীতে তখনও হড়পা বানের ডালোই স্রোত থাকায় রাতে আর নদী পার করতে পারেননি তাঁরা।

ভোররাতের দিকে নদীর জল কমলে ওই ৮ জনকে উদ্ধার করেন তাঁরা। সকালেই মধ্যেই তাদের ফিরিয়ে আনা হয় শিলিগুড়ি শহরের মিলনপল্লি এলাকায়। জানা গিয়েছে, সেই উদ্ধারকার্যের সময়ে অভিযান চালাতে গিয়ে আহত হন সেভক ফাঁড়ির সিভিক ভলান্টিয়ার রোশন রাই, প্রভাশ রাই এবং স্থানীয় কিছু যুবক। এরা যদি এদিন সময়মতো না পৌঁছতেন তবে এই কিশোর কিশোরীদের অক্ষত অবস্থায় উদ্ধার করে আনা কার্যত মুশকিল ছিল বলে জানিয়েছেন প্রশাসনের আধিকারিকেরা।

রায়নায় যুবকের মৃত্যুর ঘটনায় গ্রেপ্তার প্রতিবেশী দম্পতি

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: পূর্ব বর্ধমানের রায়নায় ছাত্রের মৃত্যুর ঘটনায় এক দম্পতিকে গ্রেপ্তার করে রায়না থানার পুলিশ। ধৃতদের নাম মোস্তাক মির্জা ও তুহিনা মির্জা। অভিযোগ, গভীর রাতে প্রতিবেশী এক যুবককে বাড়িতে ডেকে এনে মারধর করে ওই দম্পতি। তার জেরেই মৃত্যু হয়েছে যুবকের। ঘটনাটি ঘটেছে রায়না থানার অন্তর্গত বিদ্যানিধি গ্রামে। জানা গিয়েছে, গত ১৭ তারিখ মোস্তাক মির্জার বাড়ির পাশ থেকে সুরজ মল্লিক নামে এক প্রতিবেশী যুবককে অচৈতন্য অবস্থায় উদ্ধার করা হয়। এরপর রায়না ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হলে সেখানে অবস্থার অবনতি হলে তাঁকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়।

রবিবার হাসপাতালে চিকিৎসা চলাকালীন অবস্থায় মৃত্যু হয় সুরজের। রায়নার বিদ্যানিধি গ্রামের

বাসিন্দা সুরজ মল্লিক (২৩) শ্যামসুন্দর কলেজের তৃতীয় বর্ষের ছাত্র ছিল। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, সুরজের সঙ্গে অভিযুক্ত মোস্তাক মির্জার নাবালিকা মেয়ের প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। মেয়ের সঙ্গে এই সম্পর্ক মানতে না পেরে গত মঙ্গলবার রাতে সুরজকে বাড়িতে ডেকে পাঠায়। পরের দিন সকালে বাড়ির কাছে সংজ্ঞাহীন অবস্থায় উদ্ধার করা হয় সুরজকে।

মৃতের পরিবার ও স্থানীয়দের দাবি, প্রণয়ঘটিত কারণেই ওই যুবককে বাড়িতে ডেকে খুন করা হয়েছে। রবিবার অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে বিক্ষোভ দেখায় স্থানীয়রা। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এরপর অভিযোগের ভিত্তিতে ওই দম্পতিকে গ্রেপ্তার করে রায়না থানার পুলিশ।

সোমবার ধৃতদের বর্ধমান জেলা আদালতে পেশ করা হয়। যদিও ধৃত মোস্তাক মির্জা সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানায়, রাতে সুরজ তাঁর বাড়িতে ঢুকেছিল। সেই কারণে মারধর করা হয়েছিল। তার পরেই সে বাড়ি থেকে বেরিয়ে যায়। গোটা ঘটনাটি খতিয়ে দেখছে পুলিশ।

দুর্গাপুজো উপলক্ষে মুখ্যমন্ত্রীর ভার্চুয়াল বৈঠক

নিজস্ব প্রতিবেদন দুর্গাপুজো: উপলক্ষে রাজ্যের সমস্ত জেলার পুজো কমিটিদের নিয়ে এবং প্রশাসনিক আধিকারিকদের নিয়ে সোমবার ভার্চুয়াল বৈঠক সারলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজ্যের বিভিন্ন জায়গার পাশাপাশি দুর্গাপুরেও এই ভার্চুয়াল বৈঠকটি অনুষ্ঠিত হয়। এদিন দুর্গাপুরের সৃজনী প্রেক্ষাগৃহে দুর্গাপুর মহকুমার মোট ২৭৩টি পুজো কমিটি এই বৈঠকে অংশ নেয়। কোকোভেল থানা এলাকার ৬০টি, দুর্গাপুর থানা এলাকার ১৭৩টি এবং নিউ টাউনশিপ থানার ৪০টি পুজো কমিটি। এই বৈঠকে উপস্থিত ছিলেন, দুর্গাপুরের মহকুমাশাসক সৌরভ চট্টোপাধ্যায়, আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডেপুটি কমিশনার অভিষেক গুপ্তা, দুর্গাপুর নগর নিগমের মেয়র অনিন্দিতা মুখার্জি সহ প্রশাসনিক আধিকারিকরা। অন্যদিকে কাঁকসার বিডিও অফিস সংলগ্ন এসএইচজি বিল্ডিংয়ে প্রশাসনের পক্ষ থেকে এদিন দুর্গাপুজো উপলক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন কাঁকসা থানার আইসি সন্দীপ চট্টরাজ, কাঁকসার এসিপি সুমন কুমার জসওয়াল সহ পুলিশ আধিকারিকরা। পাশাপাশি ছিলেন কাঁকসার বিডিও পর্ণা দে, ব্লকের সমস্ত দুর্গাপুজো কমিটির সদস্যরা ও প্রশাসনের বিভিন্ন দপ্তরের আধিকারিকরা।

কাঁকসা হাটতলা আন্তরিক মহিলা দুর্গাপুজো কমিটির সদস্য বৈশাখী বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, মুখ্যমন্ত্রী সারা রাজ্য জুড়ে প্রতিটি ব্লকে দুর্গা পুজো কমিটি গুলিকে নিয়ে ভার্চুয়াল সভার মাধ্যমে পুজোর সম্পর্কে একাধিক নির্দেশিকা দিয়েছেন। পুজো কমিটিগুলোকে আগে যে ৫০হাজার টাকা করে আর্থিক সহযোগিতা করা হত সেটি বাড়িয়ে ৬০ হাজার টাকা করেছেন। এছাড়াও বিদ্যুৎ বিলের ওপর ৬০ শতাংশ ছাড় দেওয়ার কথা তিনি ঘোষণা করেছেন। এর ফলে গ্রাম বাংলায় ছোট ছোট পুজো কমিটিগুলি উৎসাহ পাবে। তাঁর নির্দেশ মতোই এবছর পুজোর আয়োজন করা হবে। তবে মুখ্যমন্ত্রীর আর্থিক সহযোগিতার টাকা বাড়িয়ে দেওয়ায় সকলে খুবই খুশি।

উদ্ধার চুরির সামগ্রী, গ্রেপ্তার ২

নিজস্ব প্রতিবেদন রামপুরহাট: চুরি যাওয়া ল্যাপটপ, মোবাইল সহ বেশ কিছু ইলেকট্রনিক সামগ্রী উদ্ধার করল পুলিশ। চুরির অভিযোগে দুই দুষ্কৃতকারীকেও গ্রেপ্তার করেছে পুলিশ। ঘটনাটি ঘটেছে বীরভূমের রামপুরহাটে। রবিবার রাতে বীরভূমের রামপুরহাট থানার বগটুই গ্রামের বাবু শেখ নামে একজনের বাড়িতে অভিযান চালিয়ে দুই দুষ্কৃতীকে গ্রেপ্তার করে রামপুরহাট থানার পুলিশ। ধৃতদের নাম সুরজ শেখ ও কিরণ শেখ। তাদের বাড়ি বীরভূমের মাড়গ্রাম থানার তেঁতুলিয়া গ্রামে। ধৃতরা বেশ কয়েক মাস ধরে বগটুই গ্রামের মাঠপাড়ার বাবু শেখের বাড়িতে ভাড়া নিয়ে বসবাস করত। গত ২০ অগস্ট বগটুই গ্রামের একটি বাড়ি থেকে ল্যাপটপ সহ বেশ কিছু জিনিসপত্র চুরি যায়। অভিযোগের ভিত্তিতে চুরির তদন্তে নামে রামপুরহাট থানার পুলিশ। চুরির একদিনের মধ্যেই চুরির কিনারা করে রামপুরহাট থানার পুলিশ।

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank

ইন্ডিয়ান ব্যাঙ্ক

শাখা ইন্ডিয়ান ব্যাঙ্ক, কলকাতা ক্যাডারের শাখা (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক)

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮ (১) এর অধীনে]

সেবায়,

নিম্নস্বাক্ষরকারী ইন্ডিয়ান ব্যাঙ্ক (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক) অনুমোদিত অফিসার হিসাবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ এর সঙ্গে পঠিত ১৩ (১২) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগের অধীনে ০৯.০৬.২০২২ তারিখে একটি ডিমান্ড নোটিশ জারি করে, ঋণগ্রহীতা **শ্রী দিলাজী দাস (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা) এবং শ্রী গোবিন্দ লাল দাস (জামিনদার) সার্টিফিকেট অ্যাপার্টমেন্ট, তৃতীয় তলা, শ্যামনগর ৭৩ আরবি ডাক বাক্স কোড বরাট নং ২৫ পোস্ট- শ্যামনগর থানা- জগদ্দল কলকাতা ৭৪০১২৭-কে নোটিশে উল্লিখিত পরিমাণ ১২,৫১,৩৫৩/- টাকা (বারো লাখ একাশি হাজার তিনশত তিপ্পান্ন টাকা মাত্র)** উল্লিখিত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করতে বলেন।

ঋণগ্রহীতা/ বন্ধকদাতা ঋণ পরিশোধে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা ও সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া যাচ্ছে রুল ৮ এর সঙ্গে পঠিত উল্লিখিত আইনের সেকশন ১৩(৪) এর অধীনে উল্লিখিত বিধিমতো নিম্নস্বাক্ষরকারী তাদের ক্ষমতা প্রয়োগের মাধ্যমে এখানে নিম্নে বর্ণিত সম্পত্তিগুলি দখল নিয়েছেন ২৩ আগস্ট, ২০২২ তারিখে।

বিশেষ করে ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে তারা সম্পত্তিগুলি নিয়ে লেনদেন করবেন না এবং সম্পত্তিগুলি নিয়ে যে কোনো লেনদেন **১৪,৫১,৩৫৩/- টাকা (বারো লাখ একাশি হাজার তিনশত তিপ্পান্ন টাকা মাত্র)** ইন্ডিয়ান ব্যাঙ্ক এর চার্জ সাপেক্ষে হবে।

ঋণগ্রহীতাদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে আইনের ধারা ১৩ এর উপ-ধারা (৮) এর বিধানগুলির প্রতি, সুরক্ষিত সম্পত্তিগুলি মুক্ত করার জন্য উপলব্ধ সময়ের ব্যাপারে।

স্থাবর সম্পত্তির বিবরণ:

বিবরণ টিকানা/ নং	সীমানা এলাকা	মালিক/ বন্ধকদাতা
"সাই অ্যাপার্টমেন্ট" (সার্ভিস) নামে চার (জি+৫) তলাবিশিষ্ট বিল্ডিংয়ের চতুর্থ তলায় আবাসিক ফ্ল্যাট নং বি এর সম্পত্তি, মৌজা- তুলাতোড়, কেএল নং ১৮ হোল্ডিং নং ৬৪৪, আরএস দাগ নং ৪৪৯/২১৬০, আরএস খতিয়ান নং ১৭৪৯ হোল্ডিং নং ৭৬, ভারত ডাক বাক্স পাশ ওয়ার্ড নং ২৮, ভট্টাচার্য্য পৌরসভার অধিক্ষেত্রের অধীনে, পিন কোড-৭৪৩১২৭ পোস্ট- শ্যামনগর, থানা- জগদ্দল, জেলা- উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ এডিএসআর সৈয়াটি।	সীমানা: উত্তর: ভিতর রাস্তার জমি এবং ১৩' রোড, দক্ষিণ: দীপু সেনগুপ্ত এর জমি, পূর্ব: মালিকের জমি, পশ্চিম: ৪'৬" ফাঁকা	শ্রী দিলাজী দাস (পিতা-শ্রী গোবিন্দ লাল দাস)

তারিখ: ২৩.০৮.২০২২, স্থান: কলকাতা

স্বা/- অনুমোদিত অফিসার, ইন্ডিয়ান ব্যাঙ্ক

NOTICE

IN THE COURT OF LD. DISTRICT DELEGATE AT HOWRAH

Succession Certificate Case No.12 of 2022.

Whereas Sri Arup Karar, son of Late Habul Chandra Karar of 152/1, Netaji Subhas Road, PS. Bantra, District Howrah -711101 has filed the above mentioned Succession Certificate case regarding the estate of deceased Habul Chandra Karar and deceased, Bani Karar both were of 152/1, Netaji Subhas Road, PS. Bantra, District Howrah -711101 described in the schedule below:-

SCHEDULE

Invested with	Scheme	Unit Certificate No. & Date	No of Units	Present approx value of the total units	Name of Beneficiary
Unit Trust of India	Capital Growth Unit Scheme 1992	15813760 & 15813761 01/08/92	100 100	Rs. 7,69,858/-	Habul Ch. Karar & Bani Karar
-do-	-do-	15813762 15813763 01/08/92	100 100		(A or S) -do- -do-
-do-	-do-	15813764 15813765 01/08/92	100 100		-do- -do-
-do-	-do-	15813766 15813767 01/08/92	100 100		-do- -do-
-do-	-do-	15813768 15813769 01/08/92	100 100		-do- -do-
-do-	-do-	15813770 15813771 01/08/92	100 100		-do- -do-
-do-	-do-	15813772 15813773 01/08/92	100 100		-do- -do-
-do-	-do-	15813774 01/08/92	100		-do-
-do-	Master Equity Plan 1994	202-94 1530131438 31/03/94	1000		Habul Ch. Karar
-do-	Master Equity Plan 1995	200-95 1590266715 31/03/95	1000		-do-
-do-	Master Equity Plan 1993	10550675 10550676 31/03/96	1000		Habul Ch. Karar & Bani Karar (A or S)
-do-	Master Equity Plan 1993	10550677 10550678 31/03/96	100 100		Habul Ch. Karar & Bani Karar (A or S)
-do-	Master Equity Plan 1993	10550679 10550680 31/03/96	100 100		Habul Ch. Karar & Bani Karar (A or S)
-do-	Master Equity Plan 1993	10550681 10550682 31/03/96	100 100		Habul Ch. Karar & Bani Karar (A or S)
-do-	Master Equity Plan 1993	10550683 10550684 31/03/96	100 100		Habul Ch. Karar & Bani Karar (A or S)

Now general citation hereby notified that any person having any objections, may appear and file objection within 30 (thirty) days from the date of publication, in default, case will be heard in their absence. Given under my hand and seal of the Court in the 6th day of August, 2022

Sd/-
Sanchita Pal
Sheristadar,
Court of Ld. District Delegate, Howrah

প্রধান শিক্ষিকা অসুস্থ, স্কুল চালাচ্ছেন স্বামী, প্রতিবাদে বিক্ষোভ অভিভাবকদের

নিজস্ব প্রতিবেদন, দেগঙ্গা: স্কুলে ক্লাস করাচ্ছেন প্রধান শিক্ষিকার স্বামী। স্ত্রী অর্থাৎ প্রধান শিক্ষিকা অসুস্থ। তাই স্কুলে আসতে পারছেন না। তাঁর বদলে এর প্রতিবাদে উত্তর ২৪ পরগনার দেগঙ্গার খেঁজুরডাঙায় স্কুলে তালা মেরে বিক্ষোভ দেখালেন অভিভাবকরা। শুধু তাই নয়, অভিভাবকদের অভিযোগ, স্কুলে মিড ডে মিলের মান অত্যন্ত খারাপ। রক্ষণাবেক্ষণের কাজও ঠিকমতো হয় না। সোমবার প্ল্যাকার্ড হাতে নিয়ে তুমুল বিক্ষোভ দেখান অভিভাবকরা। প্রধান শিক্ষিকা ফিরোজা বিবির স্বামী সইদুল বিশ্বাস স্ত্রীর হয়ে প্রক্সি দেওয়ার কথা স্বীকারও করে নেন। তবে তাঁর দাবি, তিনি নিয়মিত স্কুলে আসেন না। স্ত্রী মাঝেমধ্যে অসুস্থ হয়ে পড়লে তিনি পড়ুয়াদের পড়াতে আসেন। এটা যে নিয়মবিরুদ্ধ, তাও মেনে নেন সইদুল।

দোকানে মজুত থাকা বিস্ফোরকে হঠাৎ বিস্ফোরণ! আতঙ্ক

নিজস্ব প্রতিবেদন, হুগলি: মাঝরাতে বিকট আওয়াজে কেঁপে উঠে হুগলি জেলার ভদ্রেশ্বর থানা এলাকার এন্দাস এলাকা। জিটি রোডের পাশে এক ফার্নিচারের দোকানের ভেতরে বিকট আওয়াজে বিস্ফোরণের পর এলাকা ধোঁয়ায় পরিপূর্ণ হয়ে যায়। শব্দের গভীরতা এতটাই বেশি ছিল যে, বাসিন্দারা বাড়ি থেকে বেরিয়ে পড়েন। পাশাপাশি খবর পেয়ে চাঁপদানি থেকে দমকলের একটি গাড়ি সেখানে যায়। আসে ভদ্রেশ্বর থানার পুলিশ, চাঁপদানি, তেলিনিপাড়া পুলিশ কর্মীরাও সেখানে উপস্থিত হন। এমনকী আসে বোম নিষ্ক্রিয় করার কর্মীরাও। বন্ধ দোকানের মালিক আকবর আলিকে খবর দেয় পুলিশ। দোকান খোলার পর দেখা যায় দেওয়াল ফেটে গেছে। কাচ ভেঙে পড়ে আছে। পুলিশ দোকানে ঢুকে চারিদিকে দেখে কিন্তু কিছু উদ্ধার করতে পারেনি। দোকান বন্ধ করে তালা লাগিয়ে দেয় পুলিশ। দোকান মালিককে আটক করে নিয়ে যাওয়া হয় থানায়। এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। সোমবার সকালে ঘটনাস্থলে ডিসি চন্দননগর ভিদিত রাজ বুন্দেসের নেতৃত্বে পুলিশের তদন্তকারী দল যায়। আসে কমিশনারেটের ফরেনসিক দল ও। ঘটনাস্থলের নমুনা সংগ্রহ করে পুলিশ নিশ্চিত দোকানের ভিতর প্রচুর পরিমাণে শক্তিশালী বিস্ফোরক মজুত করা ছিল। কিন্তু কি কারণে দোকানের মালিক সেগুলি সেখানে জমা করেছিল তার জন্য তাকে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। তবে বিস্ফোরণ প্রসঙ্গে স্থানীয় মানুষ গণেশ রাজ জানান, বিকট শব্দ শুনে আমরা বাড়ি বাইরে বেরিয়ে আসি। চারিদিক ধোঁয়ায় ভরে যায়। পুলিশ প্রশাসন সমস্ত বিষয় খতিয়ে দেখছে।

SBI

শাখা - স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ (০৫১৭১), কলকাতা

শাখার ঠিকানা: ২/১, রাসেল স্ট্রিট, কারিয়া স্কোয়ার, ৪র্থ তল, কলকাতা-৭০০০৭১, ই-মেল আইডি শাখা: sbi.05171@sbi.co.in

ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি

অনুমোদিত আধিকারিকের বিশদ : নাম: সত্যজিৎ চৌধুরি, ই-মেল আইডি: satyajit.c@sbi.co.in, মোবাইল নং: ৯৪০২৬৯৮৩৫৪

স্থাবর সম্পত্তি বিক্রির বিক্রি বিজ্ঞপ্তি ([রুল ৮(৬) এবং রুল ৯(১)-তে বন্দোবস্ত দেখুন]

সিকিউরিটাইজেশন এবং ফিনান্সিয়াল অ্যাসেটস অফ এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে

ব্যাঙ্কের কাছে চার্জ করা অনুস্বাক্ষর/স্থাবর সম্পত্তির বিক্রয়। স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত অফিসার হিসাবে নিম্নস্বাক্ষরকারী সারফেসি অ্যাক্টের ১৩(৪) এর অধীনে নিম্নলিখিত সম্পত্তি/(গুলি) দখল করেছেন। সাধারণ জনগণকে অবহিত করা হচ্ছে যে ব্যাঙ্কের বকেয়া আদায়ের জন্য নিম্নোল্লিখিত ক্ষেত্রে চার্জ করা সম্পত্তি/ গুলি আইনের ই-নিলাম (সেরফেসি আইন, ২০০২ এর অধীনে)

"যেখানে যেমন আছে", "যেখানে যা আছে", "যেখানে যা কিছু আছে" ভিত্তিতে।

ই-অকশনের তারিখ ও সময় : তারিখ: ১৪.০৯.২০২২ সময়: ২৪০ মিনিট, সকাল ১১.০০টা থেকে দুপুর ৩.০০টা পর্যন্ত

প্রতিটি ডাকদানের জন্য ৫ মিনিটের অসীমায়িত বর্ধিতকরণ সহ।

প্রি-বিড ইএমডি পেমেন্ট করার শেষ তারিখ: "আগ্রহী দরদাতা ই-অকশন বন্ধ হওয়ার আগে এসএসটিসি-এর কাছে প্রাক-বিড ইএমডি জমা দিতে পারেন। এসএসটিসি -এর ব্যাঙ্ক অ্যাকাউন্টে অর্থপ্রদানের প্রাপ্তির এবং ই-নিলাম ওয়েবসাইটে এই ধরনের তথ্য আপডেট করার পরেই বিড়াতা প্রাক-বিড ইএমডির ক্রেডিট দেওয়া হবে। ব্যাঙ্কিং প্রক্রিয়া অনুযায়ী এতে কিছু সময় লাগতে পারে এবং তাই দরদাতাদের, আদের নিজেদের স্বার্থে শেষ মুহূর্তের সমস্যা এড়াতে প্রি-বিড ইএমডির পরিমাণ তাড়াতাড়ি জমা দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।"

সাধারণভাবে জনগণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ) -কে এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নীচে বর্ণিত সুরক্ষিত উত্তমর্ণের কাছে বন্ধক/ধার্যকৃত স্থাবর সম্পত্তির **বাস্তবিক দখল** গৃহীত হয়েছে সুরক্ষিত উত্তমর্ণ স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত আধিকারিক দ্বারা, যা "যেখানে যেমন আছে", "যা যেমন আছে" এবং "যেখানে যা কিছু আছে"-র ভিত্তিতে বিক্রি করা হবে **১৪.০৯.২০২২** তারিখে, **৫০৩.৭০ লক্ষ টাকা ৫০.০৪.২০২২** অনুযায়ী পুনরুদ্ধারের জন্য যা সুরক্ষিত ক্রেডিটরের বকেয়া আছে **মেসার্স পুনম শাড়ি প্রিন্টিং অ্যান্ড কোং, ঠিকানা: ১০/বি চি.টি. রোড, শ্রীরামপুর, হুগলী, পিন-৭১২২০৩, দ্বারাধিকারী: শ্রী উমেশ প্রসাদ শ, জামিনদার: শ্রী মনোজ কুমার শ** -এর কাছে, উত্তর ঠিকানা ৬৮, আইপ্রা মুখার্জী লেন, পোঃ- শিবপুর, হাওড়া-৭১১১০২।

রিজার্ভ মূল্য হবে **৯৯,৭৯,০০০.০০ টাকা**, বায়না টাকা জমা হবে **৯,৯৭,৬০০.০০ টাকা** এবং বর্ধিত মূল্য হবে **১৭,০০০.০০ টাকা**

(জ্ঞাত দায় সহ স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ)

তথ্যের নাতিদীর্ঘ থাকা দিনতলা ভবন সহ ১৩ কাঠা ১ ছটাক ইএম (যেখানে যেমন আছে এবং যেখানে যা কিছু আছে ভিত্তিতে) আরএস দাগ নং ১৭৫১, ১৭৫২, ১৭৫৩ এবং ১৭৫৪ এর অংশে, আরএস খতিয়ান নং ২১৯৪ ও ৪৪৬, মৌজা-স্বাতলা, কেএল নং ১০, হোল্ডিং নং ১৬৭, হোল্ডিং নং ১০/বি, চিটি রোড, তেলেনিপাড়া পৌরসভার ৪ নং ওয়ার্ডের অধীনে, থানা শ্রীরামপুর, জেলা-হুগলি শ্রী মনোজ কুমার শ-এর নামে।

এসএসারবি ফাইল নং. ৯৫৯০/ডিএম, যোগাযোগ নং ৯৪৩২৬৯৮৩৪৩

বিক্রির বিশদ, নিয়ম ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে দেখুন, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সিডিওএর ক্রেডিটকার্ড ওয়েবসাইট: www.sbi.co.in এবং ই-নিলাম প্রক্রিয়া পরিচালনার জন্য, অনুগ্রহ করে মেসার্স এসএসটিসি লিঃ-র লিঙ্ক https://www.mstcecommerce.com/auctionhome/ibapi/index.jsp এবং সহায়ক ক্রেতাদের জন্য ইউজারগুলি: https://ibapi.in দেখুন।

তারিখ: ২৩.০৮.২০২২, স্থান: কলকাতা

অনুমোদিত অফিসার, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

এনপিআর ফিনান্স লিমিটেড

"ডেভিড মানসন", ১, রু-শা সরণি, ১৭ম তল, কলকাতা-৭০০০৭৩

CIN: L65921WB1989PLC047091, ই-মেল : npr1@nprfinance.com

ফোন নং – ০৩৩ ২২৫৭ ৭২০১, ওয়েবসাইট : www.nprfinance.com

৩৩তম বার্ষিক সাধারণ সভা, বই বন্ধ এবং ই-ভোটিং -এর বিজ্ঞপ্তি

কোম্পানির ৩৩তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) আগামীর হবে ১৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০টায়, অডিওভিজ্যুয়াল মাধ্যমে ("ভিসি"/"অন্যান্য অডিও-ভিজ্যুয়াল মিনস ("ওএভিএম") -এর মাধ্যমে যা ২০১৪-এর কোম্পানি আইনের ("দ্য অ্যাক্ট") হতোয়ান সহ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ("সেবি") (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ ("লিস্টিং রেগুলেশনস"), যা পঠিতব্য রেগুলেশন সাধারণভাবে না (১) ১৪/২০২০ তারিখ ০৮/০৪/২০২০, (২) ১৭/২০২০ তারিখ ১৩/০৪/২০২০, (৩) ২০/২০২০ তারিখ ০৫/০৫/২০২০, (৪) ০৩/২০২১ তারিখ ১৪/০১/২০২১, (৫) ১১/২০২১ তারিখ ০৮/১২/২০২১, (৬) ১২/২০২১ তারিখ ১৪/১২/২০২১,(৭) ৩/২০২২ তারিখ ০৫/০৫/২০২২ সেবিসার্কুলারগুলি "এমসিএ সার্কুলারস" হিসাবে উল্লিখিত) যা উনু করেছে কর্পোরেট বিষয়ক মন্ত্রক ("এমসিএ") এবং সেবি সার্কুলারস তারিখ ১৫/০১/২০২২, ১৪/০১/২০২২ এবং ১২/০৫/২০২২, তাদের অনুসারে প্রযোজ্য সার্কুলারসমূহ, যদি থাকে, এই বিজ্ঞপ্তি সময়ে সময়ে এমসিএ এবং এইসিআই দ্বারা জারি করা হয়েছে। ৩৩তম এজিএমকে জন্য নোটিশে স্থানী কোম্পানির নিবন্ধিত অফিস হবে।

কোম্পানিজ (অ্যাপয়েন্টমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪-এর রুল সঙ্গে পঠিত কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ সেকশন ১০১ অনুসারে, এবং লিস্টিং রেগুলেশনস অনুসারে, সদস্যদের নিবন্ধভুক্ত এবং এবং কোম্পানির শেয়ার হস্তান্তরের বই বন্ধ থাকবে ৯ সেপ্টেম্বর, ২০২২ তারিখ থেকে ১৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখ (উভয় দিন ধরে) পর্যন্ত।

এজিএম সার্কুলার এবং সেবি সার্কুলারগুলির সঙ্গে সামঞ্জস্য রেখে এজিএম-এর নোটিশ সেইসঙ্গে ২০২১-২০২২ -বার্ষিক রিপোর্ট কেবল ইলেকট্রনিক মাধ্যমে ২২.০৮.২০২২ -এ সেইসব সদস্যকে পাঠানো সম্পন্ন হয়েছে যাদের ইমেল অ্যাড্রেস কোম্পানিতে / ডিপজিটরিজে / রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট ("আরটিএ") মেসার্স নিক্সে টেকনোলজিস প্রাইভেট লিমিটেডে পঞ্জিকৃত আছে। এছাড়াও তা পাওয়া যাবে এখানে : (১) কোম্পানির ওয়েবসাইট (www.nprfinance.com); (২) মেসার্স সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) -এর ওয়েবসাইট (www.evotingindia.com) যারা ই-ভোটিং প্ল্যাটফর্মের ব্যবস্থা করছে এবং (৩) বিএসই লিঃ -এর ওয়েবসাইট (www.bseindia.com) যেখানে কোম্পানির ইক্যুইটি শেয়ার তালিকাভুক্ত আছে। কোম্পানির ওয়েবসাইটে বার্ষিক প্রতিবেদন অ্যাক্সেস করার সিধাই এখানে রয়েছে : https://www.nprfinance.com/showreport.aspx?prmRsCtg=AR&prmCtgType=S

আরও জানান